| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় এর ফাইলপত্র স্টোরেজ করার জন্য ৩য় তলার ২টি রুমে ২টি ওয়াল কেবিনেট তৈরী, ৩য় তলার বাথরুমের বেসিন ও কমোড পরিবর্তন, ২য় তলার হলরুমের পাশে স্টাফ রুমে Sink ও পানির লাইন স্থাপন, ০২টি টেবিল এবং নীচতলা দক্ষিণ-পশ্চিম বাথরুমের দরজা পরিবর্তন করা প্রয়োজন। ৩.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থধারা কোটেশন প্রক্রিয়ার মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | শ্রীফলতলী ইউনিয়নের টেংলাবাড়ী-বড়ইতলী এলাকায় মানুষের জনদুর্ভোগ দূর করার জন্য বড়ইতলী এলাকা (খলিলের বাউন্ডারী থেকে পুরাতন নদীর ঘাট) দিয়ে ৫ ফুট ডায়া আরসিসি পাইপ দিয়ে বংশাই নদীতে পানি নিষ্কাশন ড্রেন নির্মাণ করার জন্য গত নভেম্বর ২০২২ইং তারিখে উপজেলা উন্নয়ন সমন্বয় সভা অনুমোদন পাওয়া যায়। বর্তমান রেটসিডিউল অনুযায়ী ৮৬,৮২,৪৭২.০০ টাকা প্রাক্কলিত ব্যয়ে ই-জিপি এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় টেন্ডার আহবান করে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্যহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | আটাবহ ইউনিয়নের বিশাইদ সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রের সংযোগ রাস্তাটি নির্মাণ করার লক্ষ্যে প্রাক্কলণ প্রস্তুতের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | মৌচাক ইউনিয়নে কারল সুরিচালা পূর্বপাড়া পাকা রাস্তা হতে সুরিচালা পূর্বপাড়া মসজিদ পর্যন্ত ১৩৪মি: রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়নের জন্য নির্দেশনা থাকায় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ৯,০৬,৮৬৯.০০টাকা প্রাক্কলিত মূল্যে ই-জিপি এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় টেন্ডার আহবান করে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | মধ্যপাড়া ইউনিয়নের ঠেঙ্গারবান্দ নয়ানগর রাস্তার বিভিন্ন অংশ চলাচলের অনুপোযুগী ও জনদুর্ভোগ সৃষ্টি হওয়ায় রাস্তার বিভিন্ন অংশ ব্রিক ফ্ল্যাট সলিং দ্বারা সংস্কার করা প্রয়োজন। ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | বোয়ালী ইউনিয়নের গোসাইবাড়ী তিনরাস্তা হতে নিশান পুকুর অভিমুখে রাস্তা ব্রিক ফ্ল্যাট সলিং দ্বারা সংস্কার করা প্রয়োজন। ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| | বোয়ালী ইউনিয়নে বেড়াচালা আব্দুল সাত্তার এর বাড়ী হতে সিকদারচালা মন্দির পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়নের জন্য ২বার টেন্ডার আওবান করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট ঠিকাদার কাজের বিপরীতে পারফমেন্স সিকিউরিটি জমা না দেওয়ায় তাদের টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমাপ্রদান করা হয়। যার ফলে পুনরায় দরপত্র আহবানের জন্য বর্তমান নতুন রেট শিডিউল (ফেব্রুয়ারী-২০২৩খ্রি.) অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতের জন্য নির্দেশনা থাকায় ৭৩,৪৯,২৫৬.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ই-জিপি এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় পুনরায় টেন্ডার আহবান করে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |

